গাইবান্ধা জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা
জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
তারিখ : ১৪ জুন, ২০২৬খ্রি.
সময় : বেলা ১২.১৫ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ/অনুমোদন করা হয়। অত:পর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি-১: বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা প্রদান সংক্রান্ত:

গাইবান্ধা জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মে, ২০২৬ মাসের প্রতিবেদন নিম্নরূপ:

(ক) মে, ২০২৬ মাসে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের তথ্য:

| নিরাময় কেন্দ্রের নাম ও ঠিকানা | বেড সংখ্যা (টি) | বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা (জন) | বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা (জন) | বিবেচ্য মাসে ছাড়কৃত রোগীর সংখ্যা (জন) | অবশিষ্ট রোগীর সংখ্যা (জন) | ফ্রি কাউন্সিলিং সেবা প্রদানের সংখ্যা (জন) |
|---|---|---|---|---|---|---|
| (১) জিইউকে মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, ভিএইড রোড, কালিবাড়ী, গাইবান্ধা। | ১০ | ৪৪ | ১৮ | ১৮ | ৪৪ | ৩২ |
| (২) সুখী পরিবার মাদকাসক্তি নিরাময়, ঘোড়াঘাট রোড, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | ১০ | ২৭ | ১০ | ০৯ | ২৮ | ১৬ |
| মোট- | ২০ | ৭১ | ২৮ | ২৭ | ৭২ | ৪৮ |

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা বলেন, এ জেলায় বর্তমানে ২টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র চালু রয়েছে। কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। মে, ২০২৬ মাসে এ জেলায় চিকিৎসাধীন রোগীর সংখ্যা ৭২ জন তন্মধ্যে নতুন ভর্তিকৃত রোগী ২৮ জন, পুরাতন রোগী ৪৪ জন। মে, ২০২৬ মাসে ছাড়কৃত মোট রোগীর সংখ্যা ২৭ জন। এছাড়াও বিবেচ্য মাসে মোট ৪৮ জনকে কাউন্সিলিং সেবা প্রদান করা হয়েছে।<br>সভায় নিরাময় কেন্দ্রের নিরাপত্তার জন্য ফায়ার এক্সটিংগুইশার ও ক্লোজ সার্কিট ক্যামেরা সর্বদা সচল রাখার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও মাদকাসক্তদের যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করাসহ অভিভাবকদের ফ্রি কাউন্সিলিং সেবা চালু রাখার অনুরোধ করা হয়। | (১) নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(২) কেন্দ্রগুলোর নিরাপত্তার জন্য অগ্নিনির্বাপন ব্যবস্থা ও ক্লোজ সার্কিট ক্যামেরা সর্বদা চালু রাখতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) সিভিল সার্জন, গাইবান্ধা।<br>(৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৫) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা। |

[চলমান পাতা-২]

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | (১) চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী চিকিৎসা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী নিরাময় কেন্দ্রগুলো পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) কেন্দ্রে প্রত্যেক রোগীর পৃথক নথি ও ট্রিটমেন্ট হিস্ট্রি যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে আলোকপাত করা হয়।<br>(৪) রোগীদের কোন ধরণের শারীরিক ও মানসিক নির্যাতন না করার বিষয়ে কঠোর নজরদারি রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৫) জেলায় লাইসেন্সবিহীন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র গড়ে উঠলে সেগুলো বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | (১) চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।<br>(২) কেন্দ্রগুলোতে পর্যাপ্ত আলো বাতাস ও উন্নত পরিবেশ আছে কিনা তা নিশ্চিত করতে হবে।<br>(৩) প্রত্যেক রোগীর পৃথক নথি ও ট্রিটমেন্ট হিস্ট্রি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(৪) রোগীদের কোন প্রকারের শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না।<br>(৫) লাইসেন্সবিহীন নিরাময় কেন্দ্র গড়ে উঠলে সেগুলো বন্ধের জন্য দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।<br>(২) জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা। |
| ৩. | (১) রোগীদের পুষ্টিকর খাবার যেমন: মাছ, মাংস, ডিম ইত্যাদির পাশাপাশি শাকসবজি, ফলমুল ইত্যাদি প্রদানের পরামর্শ প্রদান করা হয়।<br>(২) ভর্তিকৃত রোগীদের স্যানিটেশনের ব্যবস্থা ও সুপেয় পানির ব্যবহার বিষয়ে দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) নিরাময় কেন্দ্রে রোগীদের বিনোদনের জন্য ইনডোর গেমস, পত্রপত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন এবং যথাযথ কাউন্সেলিংয়ের বিষয়ে আলোচনা হয়। | (১) রোগীদের পুষ্টিকর খাবার ও অন্যান্য সুযোগ-সুবিধাদি নিশ্চিত করতে হবে।<br>(২) নিরাময় কেন্দ্রে স্যানিটারির ব্যবস্থা ও সুপেয় পানি নিশ্চিত করতে হবে।<br>(৩) নিরাময় কেন্দ্রে রোগীদের বিনোদনের জন্য ইনডোর গেমস, পত্রপত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন এবং কাউন্সেলিং ইত্যাদির ব্যবস্থা থাকতে হবে। | (১) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।<br>(২) জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা। |

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৫/২৩

(মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি
গাইবান্ধা
☎০২-৫৮৮৮৭৭৫০০ (অফিস)
e-mail:dcgaibandha@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাইবান্ধা।
E-mail:gaibandhadnc@gmail.com

নং-৫৮.০২.৩২০০.১৬৬.০৬.০০২.২২- ৪৬৭(২)

তারিখ: ১৪ আষাঢ়, ১৪৩৩
২৮ জুন, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৫. পুলিশ সুপার, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৬. সিভিল সার্জন, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৭. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৯. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১০. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১১. উপপরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১২. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১৩. নির্বাহী পরিচালক, জিইউকে, মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, গাইবান্ধা ও সদস্য জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি।
১৪. পরিচালক, সুখী পরিবার মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঘোড়াঘাট রোড, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও সদস্য জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি।
১৫. অফিস কপি।

২৮/৬/২৬

(মো: রফিকুল ইসলাম)
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
মনিটরিং কমিটি, গাইবান্ধা।
ফোন: ০২-৫৮৭৭১০০২৯ (অফিস)
Email:gaibandhadnc@gmail.com